

প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ের ‘অ্যাডভাইজরি বোর্ড’ যোগ দিলেন যুক্তরাজ্যের কিংস্টন ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক ড. শেখ ইসকান্দার ও যুক্তরাজ্যের আইওএন ভেঙ্গর্স লিমিটেড এশিয়া প্যাসিফিক অথগ্লের হেড অব নিউ বিজনেস মোহাম্মদ আরবাজ নাস্তিম।

নিজেদের দীর্ঘদিনের কাজের অভিজ্ঞতা ও মেধার আলোকে প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে পরামর্শকের ভূমিকা পালন করবেন এই দুই উপদেষ্টা।

কিংস্টন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার পাশাপাশি ড. শেখ ইসকান্দার লঙ্ঘন স্কুল অব ইকোনমিকসের গ্রাহাম রিসার্চ ইনসিটিউট অব ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড দ্য এনভায়রনমেন্টের ভিজিটিং ফেলো হিসেবে কাজ করছেন। অস্ট্রেলিয়ার মোনাস ইউনিভার্সিটি, ফ্লোরিডা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও অস্ট্রেলিয়ান ন্যাশনাল ইউনিভার্টিতেও খণ্ডকালীন শিক্ষক ও গবেষক হিসেবে কাজ করছেন ড. ইসকান্দার। যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ওয়েমিং থেকে অর্থনীতি বিষয়ে পিএইচডি করেছেন তিনি।

প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ের এডভাইজরি বোর্ডের আরেক নতুন মুখ মোহাম্মদ আরবাজ নাস্তিমের ম্যানেজমেন্ট কনসালট্যান্ট হিসেবে দেশে-বিদেশে দীর্ঘ ১৫ বছরের কাজের অভিজ্ঞতা রয়েছে ভারত, মেপাল, মঙ্গোলিয়া, ভিয়েতনাম, আজারবাইজানসহ এশিয়া ও আফ্রিকার ১৭টি দেশে ডেভেলপমেন্ট কনসালট্যান্টের দায়িত্ব পালন করেছেন তিনি। সরকারের স্টেকহোল্ডারদের প্রাতিষ্ঠানিক পর্যায়ে প্রযুক্তিগত, কৌশলগত ও সাংগঠনিক ব্যবস্থাপনার উন্নয়ন এবং ম্যাপিং প্রক্রিয়ার মাধ্যমে প্রতিষ্ঠানকে পুনর্গঠন ও নতুনত দেওয়ার কাজ করে চলেছেন তিনি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ থেকে বিবিএ সম্পদ করে সিটি ইউনিভার্সিটি অব লঙ্ঘন থেকে এনার্জি অ্যান্ড এনভায়োরেনমেন্টাল টেকনোলজি অ্যান্ড ইকনোমিকস বিষয়ে এমএসসি করেছেন আরবাজ নাস্তিম।

এর আগে প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ের অ্যাডভাইজর হিসেবে যোগ দেন রাইড শেয়ারিং প্ল্যাটফর্ম পার্টাওয়ের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ফাহিম আহমেদ।

প্রাইমএশিয়া বিশ্ববিদ্যালয়ের অ্যাডভাইজরি বোর্ডে বর্তমানে সাতজন সদস্য রয়েছেন। এরমধ্যে চিফ অ্যাডভাইজরের দায়িত্ব পালন করছেন কমডের (অব.) জোবায়ের আহমেদ। একাডেমিক অ্যাডভাইজরের দায়িত্বে রয়েছেন অধ্যাপক রেবেকা সুলতানা। পলিসি অ্যান্ড ডেভেলপমেন্ট অ্যাডভাইজর হিসেবে আছেন পদ্মা অয়েল কোম্পানির পরিচালক ব্যবসায়ী উদ্যোক্তা সুজাদুর রহমান এবং ফাইন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টস অ্যাডভাইজর হিসেবে রয়েছেন আবদুল্লাহ আল মাহবুব।

এই অ্যাডভাইজরি বোর্ড মূলত বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক উন্নয়ন-অগ্রগতি নিয়ে দায়িত্বশীল ভূমিকা পালন করে চলেছে। সংবাদ বিজ্ঞপ্তি